তারিখ ..05 SEP 1990...
পৃষ্ঠা...6.....কলাম 9...

দৈনিক বাংলা

51

## সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ

জাতীয় পর্যায়ে সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সদ্য নিয়োগকৃত শিক্ষকের পদ পূরণ করার পদ্ধতি নিঃসন্দেহে প্রশংসনীয়। কিন্তু সত্ত্বেও তা কর্তৃপক্ষ এবং দেশবাসীর অবগতির জন্য এখানে উল্লেখ করা প্রয়োজন মনে করছি যে, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা হিসাবে পরিপূর্ণ যোগ্যতা লাভের জন্য প্রচুর জাতীয় অর্থ ব্যয়ে সিইনএড, প্রশিক্ষণপ্রাপ্ত অধিকাংশকে বেকার রেখে প্রশিক্ষণ বিহীন লোক নিয়োগ করা জাতি গঠনে কতখানি অবদান রাখবে এবং এ জন্য যে জাতীয় অর্থ ব্যয় হবে তা নিরর্থক হবে কিনা তা অবশ্যই ভেবে দেখতে হবে।

তাছাড়া, জানা গেল উচ্চশিক্ষিত বহু লোক বেকারত্ব দূর করার জন্য প্রাথমিক বিদ্যালয়ে চাকরির প্রত্যাশী। কোন অফিসের কর্মকর্তা হওয়ার যোগ্য ব্যক্তিকে নিম্নপদে নিয়োগ করা হলে সে নিয়োগ নির্দিষ্ট কাজের সহায়ক হবে কিনা তাও ভেবে দেখা উচিত। আগামীতে যথার্থই এসব ভেবে দেখা হবে এবং প্রাথমিক বিদ্যালয়ে নিযুক্তির ব্যাপারে প্রধান বিবেচ্য বিষয় হিসাবে গণ্য হবে এটাই কাম্য। প্রসঙ্গত এখানে একটা বিষয়ের প্রতি সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি। তা হলো, কোন উপজেলায় প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষণপ্রাপ্ত লোক থাকা সত্ত্বেও তাদের কাউকে নিয়োগ করা হয়নি। এ সম্বন্ধে যথাযথ তদন্ত এবং উপযুক্ত প্রতিকার কর্তৃপক্ষের কাছে অবশ্যই জাতি আশা করে।

বাশারাতউল্লাহ
শিক্ষক নীলকমল ওছমানিয়া